

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
(পৌর-১ অধিশাখা)

উন্নয়নের গণতন্ত্র  
শেখ হাসিনার মূলমন্ত্র

নং ৪৬.০০.০০০০.০৬৩.৪৭.০০২.১৭.

৮২৫


তারিখঃ ১৫/০৬/২০১৭

বিষয়ঃ পৌরসভায় বৃক্ষ রক্ষা, রোপন ও কর্তন বিষয়ে প্রয়োজনীয় কার্যক্রম গ্রহণ এবং পৌরসভায় কর্মরত প্রকৌশলী ও শহর পরিকল্পনাবিদ-কে উক্ত কার্যক্রমে সম্পৃক্তকরণ প্রসংগে।

সূত্রঃ পক্ষীকূলের আশ্রয় ও খাদ্য নিশ্চিতকরণ প্রকল্প, বনপাড়া, নাটোর এর উদ্ভাবক ও সমন্বয়ক শ্রী যশোধন প্রামানিক-এর আবেদন (কপি সংযুক্ত)।

উপর্যুক্ত বিষয়ে সূত্রস্থ স্মারকের মাধ্যমে প্রাপ্ত “পক্ষীকূলের আশ্রয় ও খাদ্য নিশ্চিতকরণ প্রকল্প, বনপাড়া, নাটোর” এর উদ্ভাবক ও সমন্বয়ক শ্রী যশোধন প্রামানিক-এর আবেদনের প্রেক্ষিতে বৃক্ষ রক্ষা, রোপন ও কর্তন বিষয়ে পরিবেশ ও বন মন্ত্রণালয়ের আওতায় বিদ্যমান আইন ও বিধি এবং স্থানীয় সরকার (পৌরসভা) আইন, ২০০৯ এর বিধান অনুসরণে বৃক্ষ রক্ষা, রোপন ও কর্তন এবং পশুপাখি সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রম গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

২। উল্লেখ্য যে, পৌরসভাসমূহের আর্থিক সক্ষমতা বিবেচনায় এ মুহূর্তে নতুন পদ সৃষ্টি করে পরিবেশ ডিসিপ্লিনের কর্মকর্তা নিয়োগ যুক্তিযুক্ত হবে মর্মে প্রতীয়মান হয় না। বিধায় পৌরসভার প্রস্তাবিত সাংগঠনিক কাঠামো চূড়ান্ত না হওয়া পর্যন্ত কর্মরত নির্বাহী প্রকৌশলী (নির্বাহী প্রকৌশলী না থাকলে সহকারী প্রকৌশলী বা প্রযোজ্য ক্ষেত্রে উপ-সহকারী প্রকৌশলী) এবং শহর পরিকল্পনাবিদ-কে বৃক্ষ রক্ষা, রোপন ও কর্তন এবং পশুপাখি সংরক্ষণ সংক্রান্ত কার্যক্রমে সম্পৃক্ত করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

  
১৫/০৬/১৭  
(মোঃ আবদুর রউফ মিয়া)  
উপসচিব  
ফোনঃ ৯৫১১৬০৩

বিতরণঃ

মেয়র/প্রশাসক (সকল পৌরসভা)  
পৌরসভা, জেলা: \_\_\_\_\_।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

- ০১। অতিরিক্ত সচিব (নগর ও উন্নয়ন), স্থানীয় সরকার বিভাগ।
- ০২। যুগ্মসচিব (নগর উন্নয়ন-২), স্থানীয় সরকার বিভাগ।
- ০৪। উপসচিব (সিটি কর্পোরেশন- ১ ও ২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ০৫। সহকারী সচিব (পৌর-২), স্থানীয় সরকার বিভাগ।
- ০৬। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৭। শ্রী যশোধন প্রামানিক, “পক্ষীকূলের আশ্রয় ও খাদ্য নিশ্চিতকরণ প্রকল্প, বনপাড়া, নাটোর।”